গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি শাখা-১

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন সংক্রান্ত ফলাবর্তক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| তারিখ | : | ১৯ ডিসেম্বর ২০১৯ |
| সময় | : | সকাল ১১.৩০ মি: |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান যে, মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন সংক্রান্ত কার্যক্রমের ফলোআপ করার উদ্দেশ্যে সুরক্ষা সেবা বিভাগে ফলাবর্তক সভা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উদ্যোগের অংশ হিসেবে সুরক্ষা সেবা বিভাগের যুগ্মসচিব জনাব মো: শওকত আলী এবং উপসচিব জনাব শরীফ মো: ফরহাদ হোসেন গত ২১/১১/২০১৯ তারিখ যৌথভাবে গোপালগঞ্জ জেলা আঞ্চলিক পাসপোর্ট অফিস পরিদর্শন করেন।

০২। পরিদর্শনকারী কর্মকর্তার প্রতিবেদন হতে দেখা যায়, গোপালগঞ্জ আঞ্চলিক পাসপোর্ট অফিসের ০৬ জন কর্মকর্তা/কর্মচারী বর্তমানে অন্য অফিসে যেমন: খুলনা, চট্টগ্রাম, হেড অফিস এবং ঢাকার উত্তরাস্থ পার্সোনালাইজেশন সেন্টারে সংযুক্ত আছেন। তন্মধ্যে উপসহকারী পরিচালক জনাব মো: রফিকুল ইসলাম খুলনায়, উচ্চমান সহকারী জনাব মো: আবু সায়ীদ চট্টগ্রাম, জনাব আব্দুল গণি উত্তরাস্থ পার্সোনালাইজেশন সেন্টার, জনাব মেহেদী হাসান ঢাকা বিভাগীয় অফিস, জনাব মো: বদিয়ার রহমান, ঢাকা প্রধান কার্যালয় এবং জনাব রফিকুল ইসলাম উত্তরাস্থ পার্সোনালাইজেশন সেন্টারে সংযুক্তি আদেশমূলে কর্মরত আছেন।

০৩। পরিদর্শন প্রতিবেদনে নিম্নবর্ণিত সুপারিশ প্রদান করা হয়েছে :

(ক) শূন্য পদসমূহ দ্রুত পূরণ করা;
(খ) জনসাধারণের সেবার মান উন্নয়ন করা;
(গ) জনসাধারণ যাতে দ্রুততম সময়ের মধ্যে পাসপোর্ট পেতে পারে তার সু-ব্যবস্থা করা;
(ঘ) অফিসের কাজে ব্যবহৃত প্রিন্টিং মেশিন সরবরাহ করা;
(ঙ) অফিসের কাজে ব্যবহৃত পুরাতন যন্ত্রপাতির পরিবর্তে নতুন যন্ত্রপাতি সরবরাহ করা;
(চ) কর্মকর্তা/কর্মচারীদের সংযুক্তাদেশ বাতিল করে মূল পোস্টিং গোপালগঞ্জে প্রেরণ এবং একসাথে একাধিক কর্মকর্তা/কর্মচারীকে ট্রেনিংয়ের জন্য ঢাকায় মনোনয়ন না দেওয়া।

০৪। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়।

০৫। পরিশেষে সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)
১৯/১২/২০১৯
প্রদীপ রঞ্জন চক্রবর্তী
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম প্রধান
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ৬৪

তারিখ : ০৪ অগ্রহায়ণ ১৪২৬ / ১৯ ডিসেম্বর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। জনাব মো: শওকত আলী, যুগ্মসচিব (বহিরাগমন-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
০৪। জনাব শরীফ মো: ফরহাদ হোসেন, উপসচিব (বাজেট-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

১৯/১২/২০১৯
(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব